



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রজেক্ট প্ল্যানিং, ডিজাইন ও নেটওয়ার্কিং উপশাখা
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd



মজিবুল
হক ১০০

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৪২৩.৩১.০০১.২০.৫৮

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩১

১৬ মে ২০২৪

বিষয়: মেসার্স মুমু এন্টাপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নং-২৭৭)-কে কালো তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

গত ২৬/১০/২০২২ তারিখে কুমিল্লাস্থ মুরাদনগর উপজেলার পায়ব এলাকায় ভিজিল্যান্স টিম কর্তৃক অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের নিমিত্ত অভিযান পরিচালনা করা হয়। অবৈধভাবে রাইজার উত্তোলন করে গ্যাস সংযোগ ব্যবহার করায় উক্ত অভিযানে ১২ টি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বর্ণিত অবৈধ সংযোগ গুলো কে বা কাহারা প্রদান করেছে এ বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হলে অবৈধভাবে গ্যাস সংযোগ গ্রহণকারী ব্যক্তিগণ আপনার ও আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মুমু এন্টাপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নং-২৭৭)-এর বিরুদ্ধে উক্ত অবৈধ সংযোগগুলো রাইজার প্রতি প্রায় লক্ষ টাকার বিনিময়ে স্থাপনের অভিযোগ করেন।

উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে, আপনার বিরুদ্ধে সরাসরি তালিকাভুক্তি তফসিলের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পরিবর্তে আত্মপক্ষ সমর্থনের লক্ষ্যে আপনাকে কারণ দর্শানো নোটিশ (২৮/০২/২০২৩ তারিখ সূত্র নং- ২৮.১১.০০০০.০২১.২৭.০০৩.২১.১৮/৪২৯) প্রদান করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে গত ০২/০৪/২০২৩ ইং তারিখে প্রেরিত আপনার লিখিত জবাব বিস্তারিতভাবে পর্যালোচনা করার জন্য বিজিডিসিএল কর্তৃপক্ষ ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। উক্ত কমিটির তদন্ত প্রতিবেদনে কুমিল্লাস্থ মুরাদনগর উপজেলার পায়ব এলাকায় অবৈধ গ্যাস সংযোগ প্রদানের সাথে আপনি এবং আপনার প্রতিষ্ঠানের জড়িত থাকার বিষয়টি প্রমাণিত ও প্রতিষ্ঠিত হয়। আপনার এহেন কার্যকলাপ কোম্পানীর স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে- যা আপনার সাথে কোম্পানীর সম্পাদিত চুক্তির/তালিকাভুক্তির তফসিলের ১৫ নং ধারা মোতাবেক কালো তালিকাভুক্ত করার অপরাধের সামিল।

এমতাবস্থায় বিজিডিসিএল এর সাথে আপনার সম্পাদিত চুক্তির/তালিকাভুক্তির তফসিলের ১৫ নং ধারা অনুযায়ী ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে অনির্দিষ্টকালের জন্য আপনার মালিকানাধীন ১.১ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মুমু এন্টাপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নং-২৭৭) -কে বিজিডিসিএল কর্তৃক কালো তালিকাভুক্ত করা হলো।

৬-৬-২০২৪

প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ

উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ শাহজাহান সাজু মেম্বার, স্বত্বাধিকারী, মেসার্স
মুমু এন্টাপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নং-২৭৭), ঠিকানা:
কুমিল্লা মেডিকেল কলেজ রোড, বারপাড়া(পশ্চিমপাড়া),
সদর, কুমিল্লা।

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৪২৩.৩১.০০১.২০.৫৮/১(১০)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩১

১৬ মে ২০২৪

সদস্য অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:

১) এমডি এবং সকল ডিভিশনের মহা-ব্যবস্থাপকগণ

২) উপ-মহাব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৩) উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৬-৬-২০২৪

প্রকৌ. অম্লান কুমার দত্ত

ব্যবস্থাপক